

রাজ্যের প্রতিনিধিত্ব করছে জলপাইগুড়ি

জলপাইগুড়ি, ১৮ সেপ্টেম্বর : ১০০ দিনের কর্মসূচি নিশ্চিত প্রকল্পে সামাজিক অডিটের ক্ষেত্রে জলপাইগুড়ি জেলাপরিষদ দক্ষতা প্রদর্শনের জন্য জাতীয় স্তরের আলোচনা সভাতে পশ্চিমবঙ্গকে প্রতিনিধিত্ব করবে। ২১ এবং ২২ সেপ্টেম্বর মুম্বইতে এই কর্মশালা হবে। বুধবার জলপাইগুড়ির জেলাশাসক পৃথা সরকার বলেন, এই কর্মসূচির সুফল মানুষের কাছে আরও ভালোভাবে পৌঁছে দেবার জন্য জেলা প্রশাসন কাজ করে চলেছে। মুম্বইতে এই কর্মসূচির কর্মশালাতে যোগ দিতে যাচ্ছেন জলপাইগুড়ি জেলার প্রতিনিধি সমীরণ মণ্ডল।